শবে মি'রাজের সঠিক তারিখ আবু বকর মোহাম্মদ সালেহ

রাসূল (ﷺ)'র মি'রাজ হলো ২৭ই রজব বা ২৬-ই রজব দিবাগত রাত। এ মতটিই সুপ্রসিদ্ধ ও অধিক গ্রহণযোগ্য। অথচ শ্রদ্ধেয় ড. আব্দুল্লাহ জাহাঙ্গীর স্যার (حصة الله), যুগে যুগে মুসলিম মণীষীদের কাছে সুপ্রসিদ্ধ এই মতকে ভিত্তিহীল বলে আখ্যা দিয়েছেল। স্যারের এই কথা দলিলের আলোকে আমরা যাচাই করে দেখবো।

🗖 #আল্লামা বদরুদ্দীন মাহমুদ আইনী (رحمة الله) বলেন-

كَانَ الْإِسْرَاء لَيْلَة السَّابِع وَالْعِشْرِين من رَجَب

-"রাসূল (ﷺ) 'র ইসরা ভ্রমণ বা মি'রাজ ২৭ই রজব হয়েছিল। "১ বিশ্বের মুসলিম সমাজের সর্বত্র এ মতই সমধিক সুপ্রসিদ্ধ ও সুপরিচিত।

🖵 #বিখ্যাত ইতিহাসবিদ, সকল শ্রেণীর ওলামা-মাশায়েখের নিকট মান্যবড় আল্লামা আবুল ফিদা ইবনে কাসির (حمنة الله) তার একাধিক বিখ্যাত গ্রন্থে উল্লেখ করেন-

. أَنَّ الْإِسْرَاءَ كَانَ لَيْلَةَ السَّابِعِ وَالْعِشْرِينَ مِنْ رَجَبٍ وَاللَّهُ أَعْلَمُ

"অবশ্যই মি'রাজ সংগঠিত হয়েছে রজব মাসের ২৭ তারিখ। মহান রব আল্লাহ তা'য়ালাই ভাল জানেন।" ২

🗖 #ইমাম কাস্তাল্লানী (رحمة الله) উল্লেখ করেন-

كان ليلة السابع والعشرين من رجب، واختاره الحافظ عبد الغني بن سرور المقدسي

-"রাসূল (ﷺ)-এর মি'রাজ ২৭ই রজব হয়েছিল। ইমাম হাফেযুল হাদিস আব্দুল গণী বিন সরুর মাকদেসী (رحمة الله) এ মতকে অধিম গ্রহণযোগ্য বলে মত প্রকাশ করেছেন।" ৩

🖵 #ইমাম জুরকানী (حمة الله) অনুরূপ মতামত (পশ করেছেন। ইমাম কাস্তাল্লানী (حمة الله)-এর মতকে ব্যাখ্যা করে লিখেন-

،كان ليلة السابع والعشرين من رجب وعليه عمل الناس، قال بعضهم: وهو الأقوى

-"রাসূল (ﷺ)-এর মি'রাজ ২৭ই রজব হয়েছিল। আর এর উপরেই মুসলমানগণের আমল অব্যাহত। অনেক উলামাগণ বলেছেন যে, এটিই শক্তিশালী অভিমত।" ৪

🗖 #ইমাম ইবনে জাওয়ী (ওফাত. ৫৯৭ হি.) লিখেন-

كان ليلة سبع وعشرين من رجب

- -"রাসূল (ﷺ)-এর মি'রাজ ২৭ই রজব হয়েছিল। "৫
- 🗖 #শা্মথ মুহাম্মদ বিল ভৈ্ম্যব নাজার (حمة الله) লিখেন-

وفي الليلة السابعة والعشرين من شهر رجب كما هو المشهور

- -"রাসূল (ﷺ)-এর মি'রাজ হয়ে ছিল রজব মাসের ২৭ তারিখ, আর এটিই সুপ্রসিদ্ধ অভিমত।"৬
- 🖵 #আল্লামা সফিউর রহমান মোবারকপুরী লিখেন-

كان ليلة السابع والعشرين من شهر رجب سنة ١٠ من النبوة، واختاره العلامة المنصور فوري

- "রাসূল (ﷺ)-এর মি'রাজ হয়েছিল নবু্যতের দশম বছর রজব মাসের ২৭ তারিখ, প্রখ্যাত ঐতিহাসিক আল্লামা মানসূরপুরী (حصة الله) এ মতকে অধিক পছন্দনীয় বলেছেন।"৭
- 🖵 #দেওবন্দী ঐতিহাসিক মাওলানা আবুল হাসান নদভী লিখেন-

والمشهور أن الإسراء كان في الليلة السابعة والعشرين من شهر رجب، وقد اختاره الحافظ ابن سرور المقدسي - 'প্রসিদ্ধ হচ্ছে নিশ্চ্ রাসূল (ميليسليه)-এর মি'রাজ হয়ে ছিল রজব মাসের ২৭ তারিখ, প্রখ্যাত ঐতিহাসিক আল্লামা হাফেয ইবনে সুরুর মাকদেসী (رحمة الله) এ মতকে অধিক পছন্দনীয় বা গ্রহণযোগ্য বলেছেন। ''৮

সুতরাং দলিলের আলোকে বিষয়টি স্পষ্ট হয়ে গেল যে, পবিত্র শবে মিরাজ ২৭ তারিখ সংঘটিত হয়েছে এটা কোন বানেয়াট বা ভিত্তিহীন কথা নয়। অতএব স্যারের মন্তব্যকে আমরা বিনয়ের সাথে এড়িয়ে যাবো।

🗕 **#**তথ্যসূত্রঃ

- ১. আইনী, উমদাতুল কারী, ৪/৩৯পৃ. দারু ইহইয়াউত্-তুরাসুল আরাবী, বইরুত, লেবানন।
- ২. ইবনে কাসির, আল-বেদায়া ওয়ান নিহায়া, ৩/১৩৫পৃ. দারু ইহইয়াউত্-তুরাসুল আরাবী, বয়রুত, লেবানন, সিরাতে নববিয়্যাহ, ২/১৩ পৃ.।
- ৩. কাস্তাল্লানী, মাও্য়াহেবুল লাদুল্লিয়া, ১/১৬২পৃ. দারু ইহইয়াউত্-তুরাদুল আরাবী, বইরুত, লেবানন।
- ৪. জুরকানী, শরহুল মাও্য়াহেবুল লাদুল্লিয়া, ২/৭১পৃ. দারুল কুতুব ইলমিয়্যাহ, বইরুত, লেবানন।
- ৫. ইবলে জাওযী, আল-মুনতাযিম ফি তারিখুল উমুম ওয়াল মুলক, ৩/২৬ পৃ., দারুল কুতুব ইলমিয়্যাহ, বইরুত, লেবানন।
- ৬. কওলুল মুবীন ফি সীরাতে সাম্য়িদিল মুরসালীন, ১/১৫৩ পৃ.।
- ৭. আর-রাহিকুল মাথতুম, ১/১২৪ পৃ.।
- ৮. নদভী, সিরাতে নববিয়্যাহ, ২১৭ পৃ., দারু ইবনে কাসির, দামেস্ক, সিরিয়া, দ্বিতীয় প্রকাশ. ১৪২৫ হি.।